## ইসলামিক ফাউন্ডেশনের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আগামী ০৬.০৪.২০১৭ অনুষ্ঠেয় ওলামা মহাসম্মেলন আয়োজন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যাববরণী

সভাপতি : মো: আব্দুল জলিল
সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

সভার স্থান : ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

তারিখ ও সময় : ৩০.০৩.২০১৭, বেলা ১১.৩০ মিনিট

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতেই তিনি জানান যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইসলামের প্রচার ও প্রসারের লক্ষ্যে ১৯৭৫ সালের ২২ মার্চ ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। এ বছর ইসলামিক ফাউন্ডেশনের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে মহাসম্মেলন আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মহাসম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। পবিত্র ক্বাবা শরীফ ও মসজিদে নববীর ভাইস প্রেসিডেন্ট ও সম্মানিত খতিবসহ ৬ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদলও মহাসম্মেলনে উপস্থিত থাকবেন। ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ২ লক্ষ ৬০ হাজার মসজিদের ইমাম, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ৬৫ হাজার শিক্ষক কর্মচারী, ৯০ হাজার প্রশিক্ষিত ইমাম, ৬১ হাজার ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের সদস্যসহ কয়েক লক্ষ আলেম-ওলামা, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষাবিদ, সাংবাদিক, সরকারি কর্মকর্তা এবং ধর্মপ্রাণ মুসলমানগণ এ মহাসম্মেলনে উপস্থিত থাকবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। সভায় উপস্থিত ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সংক্ষেপে ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠেয় মহাসম্মেলনের রূপরেখা সভায় উপস্থাপন করেন। তিনি মহাসম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং মহাসম্মেলন আয়োজনে উপস্থিত সকলের সহোযিগতা কামনা করেন।

২। অতঃপর মহাসম্মেলন আয়োজনের সার্বিক প্রস্তুতি, নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণসহ বিশেষ করে আমন্ত্রিত বিদেশি অতিথিদের যথাযথ নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সভাপিত উপস্থিত সকলের পরামর্শ আহবান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় :

| ক্রমিক | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | **ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড সভার আয়োজন।** সভা অবহিত হয় যে ৩০.৩.২০১৭ বিকাল ৩.০০টায় ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্ণরস-এর সভা অনুষ্ঠিত হবে। সভায় অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া এবং অন্যান্য বিষয়াদি চূড়ান্ত করা হবে। | ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্ণরস-এর সভা অনুষ্ঠিত হবে। সভায় অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া এবং অন্যান্য বিষয়াদি চূড়ান্ত করে জরুরি ভিত্তিতে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক<br>ইসলামিক ফাউন্ডেশন |
| ২.২ | **মহাসম্মেলন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তরকে অনুরোধ** সভা অবহিত হয় যে, ইসলামিক ফাউন্ডেশন থেকে ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে। আজকের সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | ইসলামিক ফাউন্ডেশনের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী ও মহাসম্মেলন সাফল্যজনকভাবে সম্পন্ন করার নিমিত্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ২.৩ | **আমন্ত্রিত বিদেশি মেহমান বরাবর পুন: আমন্ত্রণপত্র প্রেরণ** সভায় মহাসম্মেলনের তারিখ ও সময় উল্লেখ করে আমন্ত্রিত বিদেশি অতিথি বরাবর ইংরেজি ও আরবিতে পুন: আমন্ত্রণপত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | আমন্ত্রিত বিদেশি অতিথিগণ বরাবর ইংরেজি ও আরবিতে পুন:আমন্ত্রণপত্র প্রস্তুত করে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>২.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

৩৪৬

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | **অনুষ্ঠানসূচি ও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রস্তুত**<br>সভা অবহিত হয় যে, প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে জরুরি ভিত্তিতে অনুষ্ঠানসূচি এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন জানান, ৩০.০৩.২০১৭ তারিখের বোর্ড সভায় অনুষ্ঠানসূচি এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া চূড়ান্ত করা হবে। | ৩০.০৩.২০১৭ তারিখের মধ্যে বিস্তারিত অনুষ্ঠানসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া চূড়ান্ত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১.মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন<br>২.যুগ্মসচিব (সংস্থা) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২.৫ | **প্যান্ডেল ও মঞ্চ নির্মাণ, সাজসজ্জাকরণ এবং মঞ্চের আসন বিন্যাস প্রস্তুত**<br>সভা অবহিত হয় যে, মহাসম্মেলনে কয়েক লক্ষ লোকের সমাবেশ হবে।<br>প্যান্ডেলে সকলের জন্য আসন ব্যবস্থা করা যাবে না। তাই মূল প্যান্ডেলের বাহিরে সমগ্র উদ্যান জুড়ে আরো ৫/৭টি প্যান্ডেল নির্মাণ করা হবে। মঞ্চে আসন বিন্যাস এবং সাজসজ্জা ইসলামিক ফাউন্ডেশন-এর পক্ষ থেকে করা হবে। | ১. মঞ্চে আসন বিন্যাস প্রস্তুত করে ৩০.০৩.২০১৭ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২. মহাসম্মেলন স্থলে প্যান্ডেল ও মঞ্চ নির্মাণের সময় সার্বক্ষণিক পুলিশ সোর্স প্রদান করতে হবে। | ১.সচিব, জননিরাপত্তা বিভাগ<br>২.অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>৪. পুলিশ কমিশনার, ডিএমপি |
| ২.৬ | **আমন্ত্রিত বিদেশি অতিথিদের জন্য বিমানের টিকেট, আবাসন এবং আপ্যায়ন ব্যবস্থা নিশ্চিতকরণ**<br>সভা অবহিত হয় যে, পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে বিদেশি অতিথিদের জন্য বিজনেস ক্লাসের বিমানের টিকিট প্রেরণ করা হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি আমন্ত্রিত অতিথিদের কোথায় রাখা হবে জানতে চাইলে তাকে অবহিত করা হয় যে, পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে। তবে আবাসন ব্যবস্থা চূড়ান্ত করার সময় সেখানে জামাতে নামাজ পড়ার মত জায়গা আছে কিনা এবং হালাল খাবারের বিষয়ে নিশ্চিত হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে পরামর্শ করে আমন্ত্রিত অতিথিদের জন্য আবাসন, আপ্যায়ন এবং বিজনেস ক্লাসে বিমানের টিকিটের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ২.৭ | **আমন্ত্রিত বিদেশি অতিথিদের জন্য যানবাহন ও নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ**<br>সভা অবহিত হয় যে, পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে বিদেশি অতিথিদের জন্য যাবাহন এবং নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সভায় উপস্থিত পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিকে প্রধানমন্ত্রীর কার্যালয়, জননিরাপত্তা বিভাগ এবং মহাপরিদর্শক, পুলিশ-এর সঙ্গে পরামর্শ করে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। সভায় আরো অবহিত করা হয় যে, ০২.০৪.২০১৭ রবিবার বেলা ১১.০০টায় ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট-এর হল রুমে নিরাপত্তার বিষয়ে এস.এস.এফ সভা আহবান করেছে। | প্রধানমন্ত্রীর কার্যালয়, জননিরাপত্তা বিভাগ, পুলিশ কমিশনার এবং এস.এস.এফ.-এর পরামর্শ অনুযায়ী আমন্ত্রিত বিদেশি অথিতিদের যানবাহন ও যথাযথ নিরাপত্তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. সচিব, জননিরাপত্তা বিভাগ<br>৩. পুলিশ কমিশনার, ডিএমপি |
| ২.৮ | **আমন্ত্রিত বিদেশি অতিথিদের প্রটোকল**<br>সভা অবহিত হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: হাফিজুর রহমান বিদেশি অতিথিদের প্রটোকল কর্মকর্তার সাথে দায়িত্ব পালন | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: হাফিজুর রহমান এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়োজিত কর্মকর্তা বিদেশি অতিথিদের প্রটোকলে দায়িত্ব পালন করবেন।<br>ইসলামিক ফাউন্ডেশন থেকেও প্রটোকল | ১.সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>৩. জনাব মো: হাফিজুর রহমান, যুগ্মসচিব, ধর্ম |

| | | | |
|---|---|---|---|
| | করবেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিও জানান যে, পররাষ্ট্র মন্ত্রণালয় থেকেও প্রটোকল কর্মকর্তা নিয়োগ করা হবে। | অফিসারদের সাথে একজন দোভাষী নিয়োগ করতে হবে। | বিষয়ক মন্ত্রণালয়<br>৪.জনাব এ কে এম শহীদুল্লাহ্ উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২.৯ | **প্রচার ও অতিথি আমন্ত্রণ**<br>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মহাসম্মেলনে ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ২ লক্ষ ৬০ হাজার মসজিদের ইমাম, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ৬৫ হাজার শিক্ষক কর্মচারী, ৯০ হাজার প্রশিক্ষিত ইমাম, ৬১ হাজার ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের সদস্যসহ কয়েক লক্ষ আলেম-ওলামা, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষাবিদ, সাংবাদিক, সরকারি কর্মকর্তা এবং ধর্মপ্রাণ মুসলমানগণ এ মহাসম্মেলনে উপস্থিত থাকবেন। আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত করা হচ্ছে। | ১. আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুতের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী/সমমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ/ কর্মকর্তাদের তালিকা সংগ্রহ করতে হবে।<br>২. বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশনে মহাসম্মেলনের প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. আমন্ত্রণপত্রের খসড়া মুদ্রণের পূর্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৪. ০২.০৪.২০১৭ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রেরণ করতে হবে। | ১.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>২.মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার<br>৩.যুগ্মসচিব (সংস্থা) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২.১০ | **এস বি পাস সংগ্রহ**<br>সভা উপস্থিত সহকারী পুলিশ সুপার (প্রটেকশন), এসবি, ঢাকা জানান, যে সকল কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তিবর্গ মহাসম্মেলনে দায়িত্ব পালন করবেন এমন আনুষ্ঠানিকতাজনিত কারণে ভিভিআইপির কাছাকাছি অবস্থান করবেন তাদের সকলকে এসবি পাস সংগ্রহ করতে হবে। এসবি পাস সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলের ২ কপি স্ট্যাম্প সাইজ ছবি এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি প্রেরণ করতে হবে। | ১. যে সকল কর্মকর্তা/কর্মচারী/ ব্যক্তিবর্গ মহাসম্মেলনে দায়িত্ব পালন করবেন এমন আনুষ্ঠানিকতাজনিত কারণে ভিভিআইপির কাছাকাছি অবস্থান করবেন তাদের জন্য এসবি পাস সংগ্রহ করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের ২ কপি স্ট্যাম্প সাইজ ছবি এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি প্রেরণ করতে হবে।<br>২. সময় সল্পতার কারণে জরুরি ভিত্তিতে এসবি পাস সরবরাহ করতে হবে।<br>৩. আমন্ত্রিত অতিতিদের আমন্ত্রণপত্র অনুষ্ঠানে অংশগ্রহনের পাশ হিসেবে গণ্য হবে। | ১.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>২.যুগ্মসচিব (সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩.উপসচিব (প্রশাসন),ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২.১১ | **বাংলা, ইংরেজি এবং আরবি উপস্থাপক নির্বাচন** | অনুষ্ঠান উপস্থানার জন্য বাংলা, ইংরেজি এবং আরবি উপস্থাপক নির্বাচন করতে হবে | ১. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়<br>২. অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>৩.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ২.১২ | **মাননীয় প্রধানমন্ত্রী এবং বিদেশি মেহমানদের জন্য ক্রেস্ট তৈরি/ উপহার সামগ্রী ক্রয়** | মাননীয় প্রধানমন্ত্রী এবং বিদেশি মেহমানদের জন্য ক্রেস্ট তৈরি/ উপহার সামগ্রী ক্রয় করতে হবে। | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ২.১৩ | **মেডিকেল টীম গঠন ও প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপন**<br>মাননীয় প্রধানমন্ত্রী, আমন্ত্রিত বিদেশি অতিথি এবং জরুরি চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয়সংখ্যক চিকিৎসক, ঔষধ, এ্যাম্বুলেন্সসহ স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং ইসলামিক মিশন হাসপাতাল থেকে মেডিকেল টীম গঠন ও প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | মাননীয় প্রধানমন্ত্রী, আমন্ত্রিত বিদেশি অতিথি এবং মহাসম্মেলনে অংশগ্রহণকারীদের জরুরি চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয়সংখ্যক চিকিৎসক, ঔষধ, এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টীম গঠন এবং প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপন করতে হবে। | ১.সচিব, স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>২.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন<br>৩.মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| ২.১৪ | অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিতকরণ | মহাসম্মেলনের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১. সচিব, সুরক্ষা ও সেবা বিভাগ<br>২. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ২.১৫ | সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | মহাসম্মেলন স্থল সোহরাওয়ার্দী উদ্যান এবং তার আশেপাশে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১. সচিব, বিদ্যুৎ বিভাগ<br>২. নির্বাহী প্রকৌশলী, ডিপিডিসি |
| ২.১৬ | পানি সরবরাহ, অস্থায়ী টয়লেট নির্মাণ এবং উদ্যান পরিষ্কার | ১. মহাসম্মেলন স্থল সোহরাওয়ার্দী উদ্যান পরিষ্কার, মহাসম্মেলনে অংশগ্রহণকারীদের জন্য | ১. সচিব, স্থানীয় সরকার বিভাগ<br>২. ব্যবস্থাপনা পরিচালক, |

| | | | |
|---|---|---|---|
| | | ১০০টি অস্থায়ী টয়লেট নির্মাণ করতে হবে। ২. সোহরাওয়ার্দী উদ্যানে বিদ্যমান টয়লেটগুলো ব্যবহার উপযোগী করতে হবে। | ৩.প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ৪. প্রধান পকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২.১৭ | সমাবেশ স্থলে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন | মহাসম্মেলন স্থল সোহরাওয়ার্দী উদ্যানে এস.এস.এফ, পুলিশ, র‍্যাব এবং আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে। | ১.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ২.প্রধান পকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ৩.মহাপরিচালক. এসএসএফ ৪.পুলিশ কমিশনার, ডিএমপি ৫. মহাপরিচালক, র‍্যাব |
| ২.১৮ | মহাসম্মেলনে অংশগ্রহণকারীদের সুষ্ঠু যাতায়াত ব্যবস্থা নিশ্চিতকরণ | ১. ঢাকার বাহির থেকে মহাসম্মেলনে আগত আলেম-ওলামা এবং অন্যান্য ব্যক্তিবর্গের যাথায়াতের সুবিধার্থে বিশেষ ট্রেন, স্টিমার এবং বিআরটিসি'র বাস সার্ভিস চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. পুলিশ কমিশনার ডিএমপি'র পরামর্শক্রমে ঢাকা বাহির থেকে আগত যানবাহন রাখার স্থান নির্ধারণ করতে হবে। ৩. জেলা/উপজেলা থেকে আগত বাস/লঞ্চ স্টিমার-এর নিরাপত্তা ব্যবস্থা চেক করে যাত্রা শুরু করার বিষয়ে জেলা প্রশাসক/ পুলিশ সুপারকে অনুরোধ করতে হবে। | ১. সচিব, রেলপথ মন্ত্রণালয় ২. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় ৩. সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ ৪.সচিব, জননিরাপত্তা বিভাগ ৫.অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ৬.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ৭.পুলিশ কমিশনার, ডিএমপি |
| ২.১৯ | কুরআন তেলাওয়াতকারী এবং জাতীয় সঙ্গীত পরিবেশনকারী নির্বাচন | কুরআন তেলাওয়াতকারী এবং জাতীয় সঙ্গীত পরিবেশনকারী নির্বাচন করে তাঁদের জন্য এসবি পাস সংগ্রহ করতে হবে। | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ২.২০ | সম্মানিত খতিবগণের ভাষণের অনুবাদকারী নির্বাচন | সম্মানিত খতিবগণের ভাষণ বাংলা অনুবাদ করে শুনানোর জন্য অনুবাদকারী নির্বাচন করে তাঁদের জন্য এসবি পাস সংগ্রহ করতে হবে | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ২.২১ | জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ/স্মরণিকা প্রকাশ | ইসলামিক ফাউন্ডেশনের ৪২তম প্রতিষ্টা বার্ষিকী উপলক্ষ্যে জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ/ স্মরণিকা প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ২.২২ | ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে পরামর্শক্রমে ইসলামিক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন |
| ২.২৩ | বিদেশি মেহমানদের জন্য দর্শনীয় স্থান পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং সীমিত পরিসরে সুধী সমাবেশের আয়োজন | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সঙ্গে পরামর্শ করে বিদেশি মেহমানদের জন্য দর্শনীয় স্থান পরিদর্শনের ব্যবস্থা এবং সীমিত পরিসরে সুধী সমাবেশের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | ১.সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় ২.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ৩. সচিব.জননিরাপত্তা বিভাগ ৪.অতিরিক্ত সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ২.২৪ | মহাসম্মেলনের পরের দিন বিদেশি অতিথিদের বায়তুল মোকাররম মসজিদে জুমার নামাজ আদায় | মহাসম্মেলনে পরের দিন সমাবেশের পরের দিন বিদেশি অতিথিদের বায়তুল মোকাররম মসজিদে জুমার নামাজ আদায় করার সম্ভাবনা থাকলে যথাযথ নিরাপত্তা এবং প্রস্তুতির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.সচিব, জননিরাপত্তা বিভাগ ২.মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ৩.পুলিশ কমিশনার, ডিএমপি |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আব্দুল জলিল
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-১৬.০০.০০০০.০০৪.০১.০৩৯.১৪-১৩৭ তারিখ : ৩০.০৩.২০১৭ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
৬. সচিব, জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৭. মহপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৮. অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
২০. বিভাগীয় কমশিনার, ঢাকা।
২১. অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (এস বি), মালিবাগ, ঢাকা।
২২. পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
২৩. মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা।
২৪. ডিআইজি, প্রটেকশন এন্ড প্রটোকল, এসবি, ঢাকা।
২৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
২৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৭. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
২৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩১. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৩২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
৩৩. ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসিএল, ঢাকা।
৩৪. যুগ্ম-সচিব (হজ/উন্নয়ন/সংস্থা), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৫. জেলা প্রশাসক, ঢাকা।
৩৬. পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৭. মন্ত্রীর একান্ত সচিব (মাননীয় মন্ত্রীর সদয় অবগিতর জন্য), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৮. উপসচিব (সকল),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৯. মন্ত্রীর সহকারী একান্ত সচিব (মাননী মন্ত্রীর সদয় অবগিতর জন্য), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০. সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগিতর জন্য), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪১. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪২. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/৩/১৭

এ কে এম শহীদুল্লাহ্
উপসচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫১৫৫৪৩
org_sec@mora.gov.bd